# *Delhi Public School, Howrah*

**P.A-1 (2024-2025)**

**Class- IX**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI**

**Time: -2 HOURS** **F.M.-40**

## Section-A: Comprehension

**1. নিচের অনুচ্ছেদ থেকে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখ।** 1×5=5

A. উদয়পুর থেকে পাঁচ ক্রোশ দূরে হবে নাহরামুংরা, সেইখানে এক পাহাড়, তাঁকে বলে ব্যাঘ্রমেরু। তারই উপরে থাকেন চারণী মন্দিরের সিদ্ধিকরী যোগিনী। পাহাড়ের অন্ধকার গুহার মধ্যে দেবীর দেউল। রাজপুত্ররা দুরন্ত গরমে ঘোড়া ছুটিয়ে যখন মন্দিরে উপস্থিত হলেন, তখন সন্ধ্যাপূজার যোগাড় করতে সিদ্ধিকরী বাইরে গেছেন, মন্দির খালি। তারই মধ্যে অন্ধকারে কালো পাথরের চারণীদেবীর ফটিকের তিনটি চোখমাত্র দেখা যাচ্ছে, আর গুহার সামনে মস্ত একটা পাথরের চাতালে সন্ধ্যাবেলা আলো পড়ছে - রক্ত যেন ঢেলে দিয়েছে। সিদ্ধিকরীকে মন্দিরে না দেখে সূরজমল বলে উঠল, " কেমন বলেছিলাম তো, কপালে ফোঁপরা! মন্দির খালি, এখন দেবীকে একটা করে প্রণাম দিয়ে ঘরের ছেলে ঘরে চল।"

পৃথ্বীরাজ ঘাড় নেড়ে বললেন, "তা হবে না, এইখানে বসতে হবে, আরতির পর হাত গুনিয়ে তবে ছুটি।"

একদিকে একটা বাঘের ছাল পাতা ছিল, আর একদিকে সিদ্ধিকরীর খাটিয়া, তাঁর ওপর ছেঁড়া কাঁথা। পৃথ্বীরাজ তাড়াতাড়ি গিয়ে খাটিয়াতে বসলেন, দেখাদেখি জয়মলও উঁচু খাটিয়ায় বসল। বাঁশের খাটিয়া একবার মচাৎ করে শব্দ করেই চুপ করল।

**i) 'মন্দির খালি' –মন্দিরটি খালি থাকার কারণ কী ছিল?**

a. সন্ধ্যে হয়ে যাওয়ার ফলে

b. মন্দিরে লোকজন না আসার কারণে

c. রাজপুত্ররা আসবেন সেই কারণে

d. পুরোহিত বাইরে যাওয়ার কারণে

**ii) অন্ধকারে কালো পাথরের মধ্যে শুধুমাত্র কী দেখা যাচ্ছিল?**

a. চারণদেবীর মন্দিরটি

b. সিদ্ধিকরীর কুঠিরটি

c. চারণদেবীর ফটিকের তিনটিমাত্র চোখ

d. মন্দিরের প্রদীপ

**iii) সবার প্রথমে খাটিয়াতে কে বসেছিল?**

a. সুরজমল

b. পৃথ্বীরাজ

c. জয়মল

d. চাঁদমল

**iv) মন্তব্য: বাঁশের খাটিয়া একবার মচাৎ করে শব্দ করেই চুপ করল।**

**কারণ - ক) দুজনের ভার নিতে পারছিল না।**

**কারণ- খ) খাটিয়াতে জং ধরেছিল।**

**কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।**

a. কারণ ক ও খ দুটোই ঠিক
b. কারণ ক ও খ দুটোই ভুল
c. কারণ ক ঠিক খ ভুল
d. কারণ ক ভুল খ ঠিক

**v) 'দুরন্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ –**

a. দু + অন্ত
b. দূর + যন্ত
c. দুঃ + অন্ত
d. দুর + অন্ত

## Section-B: Grammar

**2. সন্ধি বিচ্ছেদ করোঃ ( যে কোনো তিনটি)** (1×5 = 5)

a. চিত্তৌদার্য    b. হিতৈষী    c. যথোচিত
d. গত্যন্তর    e. স্বাগত    f. সূর্যদোয়

**3. সন্ধি যুক্ত করোঃ ( যে কোনো তিনটি)** (1×5 = 5)

a. গুরু + উপদেশ    b. ঘ্রান + ইন্দ্রিয়    c. গৃহ + ঊর্ধ্ব
d. গৌরী + ঈশ    e. প্র + উঢ়    f. মেঘ + আলয়

## Section – C: Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text: (MCQ)

**4. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি)** (1×3)=3

**i) "যে ব্যক্তির কাঠ, আবশ্যককালে তাহার যে কতখানি বিস্ময়..."**- এখানে কোন কাঠের কথা বলা হয়েছে?

a. সেগুন    b. মেহগনি    c শাল    d. অর্জুন

**ii) "মামির .................... চক্ষে সে যেন একটা দুর্গ্রহের মত।"**

a. লাঞ্ছিত
b. স্নেহহীন
c. স্নেহশূন্য
d. স্নেহকাতর

**iii) মন্তব্য: ওতে আর তোমার হাট দিতে হবে না।**

**কারণ ক- মামি চায়না ফটিক কোনো কাজে সাহায্য করুক।**

**কারণ খ- মাঝে মাঝে মামির ফটিকের বেশি কাজ করার আগ্রহকে অনাবশ্যক মনে করে।**

**এক্ষেত্রে,**

a. কারণ ক ও খ দুটোই ঠিক
b. কারণ ক ও খ দুটোই ভুল
c. কারণ ক ভুল ও খ ঠিক
d. কারণ ক ঠিক ও খ ভুল

**iv) বিশ্বম্ভরবাবু সম্পর্কে নিচের কোন বিশেষণটি গল্পে বর্ণিত আছে?**

a. কাঁচাপাকা মাঝবয়সী।
b. মাঝবয়সী ভদ্রলোক।
c. কাঁচাপাকা ভদ্রলোক।
d. পরিপক্ক ভদ্রলোক।

**v) 'আবার তুই মাখনকে মেরেছিস?"** – উক্তির মধ্য দিয়ে মাখনের প্রতি বক্তার যে মনোভাব প্রকাশ পেয়েছে তা হল-

a. একচোখামি।

b. অতিরিক্ত স্নেহ।

c. বিরক্তি।

d. উদারতা।

**5. আম আঁটির ভেঁপু থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি) (1×3 = 3)**

**i. অপুর সাথে দুর্গার মিল রয়েছে-**

a. চোখের

b. চুলের

c. গড়নের

d. বরণের

**ii. গলার সুর নিচু করে দুর্গা অপুর কাছ থেকে কী জানতে চাইল?**

a. অপু এগুলো খাবে কিনা

b. মা ঘাট থেকে ফিরেছে কিনা

c. বাবা ঘুমাচ্ছে কিনা

d. পিসি বসে আছে কিনা

**iii) মন্তব্য: চিনিবাস ময়রা হরিহর রায়ের দুয়ার দিয়া গেলেও তাদের বাড়িতে ঢোকেনি।**

**কারণ ক- চিনিবাস জানে হরিহরের আর্থিক অবস্থা খারাপ।**

**কারণ খ- হরিহরের বাড়ির লোক কখনও কিছু কেনে না তা চিনিবাস ময়রা জানে।**

**এক্ষেত্রে,**

a. কারণ ক ও খ দুটোই ঠিক

b. কারণ ক ও খ দুটোই ভুল

c. কারণ ক ভুল ও খ ঠিক

d. কারণ ক ঠিক ও খ ভুল

**iv. গ্রামীণ ফলফলাদি আহারের আনন্দ এবং বিচিত্র বিষয় নিয়ে অপু ও দুর্গার বিস্ময় ও কৌতূহল গল্পটিকে চিরকালের মানুষের কী মনে করিয়ে দেয়?**

a. অতীত ইতিহাস

b. ভবিষ্যৎ

c. বর্তমান

d. চিরায়ত শৈশব

**v. 'তুই অতগুলো খাবি দিদি?' — এ উক্তির মধ্য দিয়ে অপু কী বোঝাতে চেয়েছে?**

a. দুর্গা অনেক বেশি খাচ্ছে

b. দুর্গা তাকে কম দিয়েছে

c. অপুর মনে খাবার ইচ্ছা তীব্র

d. অপু নিজেকে বঞ্চিত ভেবেছে

## Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text :

6. **"খেলা ভাঙিয়া গেল।" -কাদের খেলা কেন ভেঙে গিয়েছিল?** 2

7. **"তাহার চেহারা এবং ভাবখানা প্রভুহীন কুকুরের মত হইয়া যায়।" 'তাহার' বলতে এখানে কার কথা বলা হয়েছে? আলোচ্য অংশটির তাৎপর্য আলোচনা কর।** 3

Or,

**"কী হচ্ছে তোমাদের?" বক্তা কে? আলোচ্য গল্পে তার চরিত্রের যে যে দিকগুলি ফুটে উঠেছে তা আলোচনা কর।**

8. **সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** (5×1)

**"আমাদের ব্যথা কেতাবেতে লেখা, পড়িলেই বোঝা যায়"**

**যে লেখে বেদনা বে-বুঝ বাঁশিতে কেমনে দেখাবো তায়?”**

Or,

**"মোরা জানি খোঁজ বৃন্দাবনেতে ভগবান করে খেলা**
**রাজা-বাদশাহর সুখ-দুখ দিয়ে গড়েছি কথার মেলা।"**

9. **" পড়াশোনার চেয়ে এই গল্প শোনা অপুর অনেক বেশি ভালো লাগিত।”** ‘এই গল্প’ বলতে একখানে কোন গল্পের কথা বলা হয়েছে? অপু কোন কোন গল্প শুনত তা বর্ণনা কর। (1+3)

Or,

**“অপমানে দুঃখে সর্বজয়ার চোখে জল আসিল।”** কোন ঘটনায় সর্বজয়ার চোখে জল এসেছিল? অপমানিত হওয়ার পর সে কী করেছিল?

## Section – D: Creative Writing

**10. নিম্নলিখিত বিষয় অনুসারে বিজ্ঞপ্তি রচনা করো ।** 5

‘বিদ্যালয় পরিচ্ছন্নতা কর্মসূচী’ তে অংশগ্রহণের জন্য ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে বিদ্যালয়ের ছাত্র আধিকারিক হিসেবে একটি বিজ্ঞপ্তি রচনা কর। বিজ্ঞপ্তিতে উক্ত কর্মসূচীর স্থান, তারিখ ও অন্যান্য বিষয় উল্লেখ আবশ্যক।

Or,

বিদ্যালয়ের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে বিদ্যালয়ের পত্রিকায় লেখা জমা দেওয়ার জন্য ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। বিজ্ঞপ্তিতে লেখা জমা দেওয়ার শুরুর দিন, শেষ দিন, কোথায় কার কাছে জমা দিতে হবে ইত্যাদি বিষয় উল্লেখ থাকতে হবে।